

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

এনসিএসটি ও বজাবন্ধু ফেলোশিপ ট্রাস্ট সেল

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৪/২৮ আগস্ট ২০১৭

নং ৩৯.০০.০০০০.০১০.৯৯.০২.১৭.১৩৫—বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও গবেষক তৈরির লক্ষ্যে বজাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় দেশে-বিদেশে এমএস বা সমতুল্য ডিগ্রি, ডক্টরাল ও পোস্ট ডক্টরাল পর্যায়ে গবেষণা ও অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদানের উদ্দেশ্যে ফেলো নির্বাচনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে এওয়ার্ড কমিটি গঠন করা হলো :

(ক) এওয়ার্ড কমিটির গঠন :

(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	- আহ্বায়ক
(২)	অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ)/সংশ্লিষ্ট উইং প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	- সদস্য
(৩)	অধ্যাপক ড. শরীফ আখতারুজ্জামান, জীন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	- সদস্য
(৪)	অধ্যাপক নুর মোঃ রহমতুল্লাহ, ডিন, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা	- সদস্য
(৫)	অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়	- সদস্য
(৬)	ডিন, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	- সদস্য
(৭)	জনাব মোঃ মনিরুজ্জামান, যুগ্মসচিব (রাঃ প্রঃ-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	- সদস্য
(৮)	জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার, যুগ্ম-সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	- সদস্য
(৯)	প্রধান নির্বাহী কর্মকর্তা, বজাবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট	- সদস্য-সচিব

(১০৩২৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) এওয়ার্ড কমিটির কার্যপরিধি :

- (১) এই কমিটি বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা হতে ফেলোশিপ এবং অনুদান প্রাপ্তির তালিকা চূড়ান্ত করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপযুক্ত মনে করলে এই কমিটি কোন প্রজেক্ট/থিসিস বাছাই কমিটির পুনর্বিবেচনার জন্য পরামর্শ প্রদান করবে।
- (২) এই কমিটি বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে নির্বাচিত ফেলোগণের দেশভিত্তিক সজ্ঞাতিপূর্ণ লিভিং এলাউন্স পর্যালোচনা করে যুক্তিসঙ্গত পরিমাণ অর্থ নির্ধারণ করার সুপারিশ করবে।
- (৩) এই কমিটি আবেদনকারীর বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ফেলোশিপের অর্থ অপ্রতুল বিবেচিত হলে প্রার্থীর আবেদনের ভিত্তিতে তাকে অন্য কোন উৎস হতে আংশিক খরচ মিটানোর অনুমতি প্রদান করবে।
- (৪) ফেলোশিপ প্রদান এবং নবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আছির উদ্দীন সরদার
উপসচিব।